দামুড়হুদায় আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে আলোচনা সভা

“করোনাকালে নারী নেতৃত্ব গড়বে নতুন সমতার বিশ্ব” এই প্রতিপাদ্য বিষয়টিকে ধারণ করে দামুড়হুদা উপজেলা প্রশাসন মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল সোমবার সকাল ১১ টার সময় দামুড়হুদা উপজেলা পরিষদের সভা কক্ষে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। এ সময় আরো উপস্থিত ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান। দামুড়হুদা উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুনসহ উপজেলা কর্মকর্তাগণ ও সাংবাদিক বৃন্দ।
উক্ত অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু বলেন সরকারের ঠিক নীতি গ্রহণের কারণে নারী উন্নয়নে বাংলাদেশ অনেক অগ্রসর হয়েছে। কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ বেড়েছে। রাজনৈতিক ও সামাজিক প্রতিষ্ঠানে নেতৃত্বে, এমনকি ব্যবসা-বাণিজ্যে নারীরা আর পিছিয়ে নেই। এর মাধ্যমে নারীর ক্ষমতায়ন নিশ্চিত হচ্ছে। নারী-পুরুষের সমতা অর্জনে সরকারের গৃহীত পদক্ষেপ বাস্তবায়নে সকলকে এগিয়ে আসতে হবে। বাস্তবতা হলো, বৈষম্যমূলক সমাজ ব্যবস্থায় আমরা নারীদের কেবল বিনা পারিশ্রমিকের গৃহকর্ম, পরিবার সদস্যদের সেবা ও সন্তান উৎপাদনেই বেশি ব্যস্ত রাখি। এর বাইরে অন্যান্য ক্ষেত্রে নারীর অংশগ্রহণের বিরুদ্ধে নানান বাধার সৃষ্টি করা হয়। সামাজিকভাবে নারীদের সমান হয়ে ওঠার অনুকূল সামাজিক পরিবেশ তৈরি করতে সম্মিলিত উদ্যোগ গ্রহণের আহ্বান জানান।
আলোচনা অনুষ্ঠন শেষে উপজেলা পর্যায়ে করোনাকালীন নারী হিসেবে অবদান রাখার জন্য ২ জন নারীকে সম্মাননা প্রদান করা হয়।

জীবননগরে পাট চাষিদের এক দিনের প্রশিক্ষণ

উন্নত প্রযুক্তি নিভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ প্রকল্পের আওতায় জীবননগরে পাট চাষিদের এক দিনের প্রশিক্ষণ দেওয়া হয়েছে।পাট অধিদপ্তর বস্ত্র ও পাট মন্ত্রনালয় চুয়াডাঙ্গার আয়োজনে সোমবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা পরিষদের হলরুমে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।জীবননগর উপজেলা নিবাহী অফিসার এস,এম মুনিম লিংকনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন যুগ্ন সচিব ও পাট অধিদপ্তরের পরিচালক এস,এম আরশাদ ইমাম।বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী।

হরিণাকুণ্ডুতে নানা আয়োজনে আন্তর্জাতিক নারী দিবস পালিত

‘করোনাকালে নারী নেতৃত্ব, গড়বে নতুন সমতার বিশ্ব’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে মহিলা বিষয়ক কর্মকর্তা ও উপজেলা প্রশাসনের আয়োজনে ৮মার্চ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গির হোসাইন। এছাড়া বিশেষ অতিথি হিসেবে প্রকল্প কর্মকর্তা জামাল হোসেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানা, হরিণাকুণ্ডু প্রেসক্লাব সভাপতি এম.সাইফুজ্জামান তাজু, প্রেসক্লাবের সহ-সভাপতি সাইফুর রহমান বাদল প্রমূখ উপস্থিত ছিলেন। নারীর সম-অধিকার প্রতিষ্ঠায় ১৯১৪ সাল থেকে বিভিন্ন দেশ দিবসটি পালন করে আসছে। ১৯৭৫ সাল থেকে জাতিসংঘ দিনটি আন্তর্জাতিক নারী দিবস হিসেবে পালন করছে। এবারের আন্তর্জাতিক নারী দিবসের প্রতিপাদ্য- ‘করোনাকালে

নারী নেতৃত্ব, গড়বে নতুন সমতার বিশ্ব’। আলোচনায় বক্তারা বলেন, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে নারী-পুরুষ সবাইকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। “বর্তমান সরকারের বিভিন্ন উদ্যোগের সফল বাস্তবায়নের ফলে নারী উন্নয়ন আজ সুস্পষ্টভাবে দৃশ্যমান। ব্যবসা-বাণিজ্য, রাজনীতি, বিচারবিভাগ, প্রশাসন, কূটনীতি, সশস্ত্রবাহিনী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, শান্তিরক্ষা মিশনসহ সর্বক্ষেত্রে নারীর সফল অংশগ্রহণের মাধ্যমে দেশ ক্রমান্বয়ে উন্নয়নের পথে এগিয়ে যাচ্ছে।” উল্লেখ্য সম অংশীদারিত্ব নারী এখন তার মেধা ও শ্রম দিয়ে সভ্যতার সকল অগ্রগতি এবং উন্নয়নে অংশগ্রহণ করছে। আর তাই সারা বিশ্বে বদলে গেছে নারীর প্রতি দৃষ্টিভঙ্গি।

ঐতিহাসিক ৭ই মার্চ বঙ্গবন্ধুর ভাষণের ৫০ বছর ও জন্মশতবার্ষিকী উদযাপনে চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠান

ঐতিহাসিক ৭ই মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাষণের ৫০ বছর ও মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে মেহেরপুর পৌরসভার উদ্যোগে চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকালে পৌর কমিউনিটি সেন্টার হলরুমে চিত্রাংকন ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। মেহেরপুর পৌর মেয়র ও জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ চিত্রাঙ্কন প্রতিযোগিতার উদ্বোধন করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর শিশু কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। পৌর প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন এর সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য দেন কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব প্রধান শিক্ষিক সাংস্কৃতিক ব্যক্তিত্ব মনা মিয়া প্রমুখ। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় ৪৫ জন

শিশু-কিশোররা অংশগ্রহণ করে। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জনকারী ঢাকায় চুড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পাবে।

জীবননগরে ইয়াবাসহ আটক-২, ট্রাক জব্দ

জীবননগরে ৫০ পিচ ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। গতকাল রবিবার দিবাগত রাত ১টার সময় জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলামের নির্দেশে জীবননগর থানার এস আই তাইফুজ্জামান সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিত্তিত্বে জীবননগর পৌর সভার বসতিপাড়ায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ট্রাকের মধ্যে থেকে ৫০ পিচ ইয়াবা ট্যাবলেটসহ জীবননগর পৌর সভার আশতলা পাড়ার মৃত মীর আলাউদ্দিনের ছেলে মেহেদী হাসান (৩৫) এবং শাপলাকলি পাড়ার মৃত আরফান আলীর ছেলে সোহেল রানা (২১) আটক করে পুলিশ।
এ বিষয়ে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য আইনে মামলা হয়েছে।

শিল্পকলায় ভোটের আধিকার প্রতিষ্ঠায় সাংস্কৃতিক কর্মীর অবস্থান কর্মসূচি

গোপনে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির কিছু সদস্যের সদস্য নবায়ন ও নতুন সদস্য গ্রহণে বিশেষ সুবিধা প্রাপ্তির প্রতিবাদে অবস্থান কর্মসূচি পালন করেছেন নিশান সাবের। তিনি অরণি থিয়েটার ও অরণি চিলড্রেন থিয়েটরের সভাপতি।
গতকাল শনিবার বিকালে মেহেরপুর প্রেস ক্লাবের সামনে এ প্রতিবাদী

অবস্থান কর্মসূচি অনুষ্ঠিত হয়।
নিশান সাবের বলেন, গত ২৫ ফেব্রুয়ারি একটি খসড়া ভোটার তালিকা প্রকাশ করে নির্বাচনের পূনঃতফসিল ঘোষণা করা হয়েছে।
প্রশ্ন হলো প্রথম তফসিল কবে ঘোষণা করা হয়েছিলো। করোনা সংকটকালীন যখন শিল্পকলার সকল স্বাভাবিক কার্যক্রম বন্ধ তখন বিশেষ গোপনে একেবারে কু-কৌশলের আশ্রয় নিয়ে গঠনতন্ত্রের দোহাই দিয়ে মাত্র ২শ ২০ সদস্যর তালিকা প্রকাশ করা হলো। প্রায় ৯ শতাধিক সাংস্কৃতিক স্বজন সাংস্কৃতিক চর্চার প্রধান কেন্দ্র শিল্পকলার সদস্য পদ নবায়ন করার কোন সুযোগ পেলো না। জেলা শিল্পকলা একাডেমির গুণীজন সম্মাননা প্রাপ্ত শিল্পিরাও নিজেদের সদস্যপদ নবায়নের কোন সুযোগ পাননি।
শিল্পকলার পদ ব্যবহার করে বিশেষ সুবিধা নেওয়ার জন্যই কি নির্বাচন না করে পদ দখলে রাখার অভিপ্রায় থেকে এ কুটকৌশল ও শিল্পকলা বিরোধী অশুভ তৎপরতা বাস্তবায়ন করা হচ্ছে। ২০১৮ সালের যে নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল সেখানে গঠনতন্ত্র না মেনে ২৫ ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত সদস্য হয়েছিল ১১শ ৩৭ জন। শিল্পকলার আয় তহবিলে জমা হয় ৭ লক্ষাধিক টাকা।
অবস্থান কর্মসূচিতে সংহতি জানিয়ে আরো বক্তব্য দেন লালন একাডেমির সভাপতি নাজির হোসেন নাদীম ও সাংস্কৃতিক কর্মী আতিক স্বপন।

প্রতিদিন একটি করে ভালো কাজ করতে হবে — ইমদাদুল হক মিলন

বিশিষ্ট কথা সাহিত্যিক, ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপের পরিচালক ও দৈনিক কালের কন্ঠের সম্পাদক ইমদাদুল হক মিলন বলেছেন, প্রতিদিন একটি করে ভালো কাজ করতে হবে। প্রতিদিন বলতে হবে আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি।
গতকাল শনিবার সকালে কুষ্টিয়া সরকারি কলেজের শিক্ষক মিলনায়তনে কালের কণ্ঠ শুভ সংঘ আয়োজিত “আগামীর বাংলাদেশ ও তরুণদের পদক্ষেপ” শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি বলেন, যার মধ্যে দেশপ্রেম ও সত্যিকারের ভালোবাসার আছে সে কখনো খারাপ হতে পারে না। তাই আসুন আমরা প্রতিদিন একটি করে অন্তত

উপাধ্যাক্ষ প্রফেসর আনছার হোসেন, আইসিটি বিভাগের প্রধান লাল মোহাম্মদ প্রমুখ।
কালের কণ্ঠ শুভসংঘের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক শামীম আল মামুন, কালের কণ্ঠ শুভসংঘ কুষ্টিয়ার সভাপতি নীলিমা বিশ্বাস, সাধারণ সম্পাদক শম্পা আফরীন, প্রচার সম্পাদক এস এম জামাল, সাংস্কৃতিক সম্পাদক যুথিকা রানী বিশ্বাস, নির্বাহী সদস্য গোলাম মোস্তফা অন্তুসহ কালের কণ্ঠ শুভ সংঘ কুষ্টিয়ার সকল সদস্য উপস্থিত ছিলেন।
এর আগে কলেজ আঙ্গিনায় একটি বকুল ফুলের চারা রোপণ করেন কথা সাহিত্যিক ইমদাদুল হক মিলন।

আলমডাঙ্গায় আ.লীগ নেতার স্ত্রীর রুহের মাগফিরাত কামনা

আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও সাবেক ভাইস চেয়ারম্যার কাজী খালেদুর রহমান অরুনের স্ত্রী সাবিনা ইয়াসমিনের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্টিত হয়েছে। গতকাল শনিবার বিকেল ৫ টার দিকে তার বাসভবনে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।
এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক সাবেক পৌর মেয়র রিয়াজুল হক জোয়ার্দ্দার টোটন, জেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, আলমডাঙ্গা উপেজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু, জর্জ কোর্টের পিপি এ্যাডঃ বেলাল হোসেন, সদর পৌর আওয়ামী লীগের সম্পাদক আলাউদ্দিন হেলা, বীর মুক্তিযোদ্ধা ডাঃ শাহাবুদ্দিন শাবু, বীর মুক্তিযোদ্ধা এ্যাডঃ আব্দুর রশিদ, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, জেলা আওয়ামী লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক সহিদুল ইসলাম, জেলা সদস্য শাহ আলম, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, হামিদুল ইসলাম আজম, যুগ্ম-সম্পাদক কাজী রবিউল হক, কাউন্সিলর খন্দকার মজিবুল হক, জাহাঙ্গীর হোসেন, আব্দুল বারি মল্লিক, সহকারী অধ্যাপক সিরাজুল ইসলাম প্রমুখ।

দোয়া পরিচালনা করেন পৌর জান্নাতুল মওলা জামে মসজিদের ইমাম হাফেজ মও: ওমর ফারুক।

দামুড়হুদায় রাতে চলছে মাটি কাটার উৎসব, হতাশ কৃষকরা!

দামুড়হুদা উপজেলার কার্পাডাঙ্গা, উজিরপুর, চিৎলা-গোবিন্দহুদা, বদনপুর, নাপিতখালী, কানাইডাঙ্গা, কুতুবপুর, জুড়ানপুর, লোকনাথপুর, দলকা লক্ষিপুর, কালিয়াবকরি ও হাতিভাঙ্গায় ভৈরব নদীর পাড়সহ বিভিন্ন গ্রামের মাঠে প্রশাসনের নিষেধাজ্ঞা অমান্য করে মাটি কাটার মহোৎসব চলছে।
কৃষকের ফসলি জমির পাশে বড় বড় পুকুরের ন্যায় খনন করে মাটি ও বালি কেটে ইট ভাটাসহ বিভিন্ন স্থানে বিক্রি করায় হুমকির মুখে পড়েছে শত শত বিঘা ফসলি জমি। এছাড়াও মাটি কাটা গর্তের কারণে ভাঙ্গনে নষ্ট হচ্ছে জমির ফসল। মাটি কাটার ওপর প্রশাসনের নিষেধাজ্ঞা থাকলেও চুপিসারে মাটি কাটছে কিছু ভূমিদস্যু।
প্রশাসন অবৈধভাবে মাটি কাটা বন্ধ করতে বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে মোটা অংকের টাকা জরিমানা করলেও তারা থামতে নারাজ। ভুক্তভোগী কৃষকরা বিভিন্ন সময় প্রশাসনের কাছে অভিযোগ করেছেন। কয়েক জন মিলে নাপিতখালী, বদনপুর মাঠে মাটি কেটে গর্ত করছেন। এতে মাটি ভেঙে পড়ে ফসলি জমি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। মাটি কাটা বন্ধ করতে ভুক্তভোগীগণ বিভিন্ন সময় দামুড়হুদা উপজেলা ভূমি অফিস ও দামুড়হুদা মডেল থানায় বিভিন্ন মাঠে মাটি কাটা বন্ধ করতে লিখিত অভিযোগ করলে প্রশাসনের পক্ষ থেকে অভিযুক্তদের কঠোরভাবে সতর্ক করাসহ বিভিন্ন সময়ে মোটা অংকের জরিমানা করা হয়। এতে কয়েক দিন মাটি কাটা বন্ধ রাখার পর আবারো তারা প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে একইভাবে মাটি কাটা শুরু করেন। ট্রাক্টর ভিড়িয়ে এভাবে মাটি কাটা বন্ধ করা না হলে ফসলি জমির মালিকরা ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হবে বলে আশঙ্কা করছেন আশ পাশের জমির মালিকরা।
দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান জানান, মাটি কাটার অপরাধে বিভিন্ন স্থানে ভ্রাম্যমাণ আদালতে জরিমানা করার পরও

মাটি কাটছে। যারা মাটি কাটছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

চুয়াডাঙ্গা সদর উপজেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক কমিটির সভা

বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ চুয়াডাঙ্গা সদর উপজেলা শাখা এর আহবায়ক কমিটির পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকাল ৫টার সময় চুয়াডাঙ্গা বড়বাজার সংলগ্ন সাহেদ প্যালেস কনফারেন্স রুমে এই পরিচিতি সভা অনুষ্ঠিত হয়।
চুয়াডাঙ্গা সদর উপজেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের আহ্বায়ক জুয়েল রানার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আসাদুল হক বিশ্বাস সিনিয়র সহ-সভাপতি চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ ও চেয়ারম্যান চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদ। তিনি বলেন বাংলাদেশ এখন বিশ্বের ভিতরে উন্নয়নের রোল মডেল। বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশ হওয়ায় তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ দিয়ে বলেন বাংলাদেশ এখন আর কারো কাছ থেকে কোন প্রকার সাহায্য নেয় না কারো কাছে মাথা নত করে না।
এ সময় উপস্থিত ছিলেন আব্দুল মালেক সাংগঠনিক সম্পাদক চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ, অ্যাডভোকেট শফিকুল ইসলাম শফি সাবেক যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ, মতিয়ার রহমান মতি যুগ্ম-আহবায়ক চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ, শরিফুল ইসলাম রিফাত যুগ্ম-আহবায়ক চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ ও চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক জানিফ, ইমরান আহমেদ যুগ্ম-আহবায়ক-২ চুয়াডাঙ্গা সদর উপজেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ ও চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের বিভিন্ন জায়গা থেকে আগত নেতাকর্মীরা।